অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট কোর্ট অফ ক্লেইমসে নিয়োগের ঘোষণা করেছেন

আমেরিকান ইতিহাসের প্রথম প্রকাশ্যে ট্রান্সজেন্ডার পুরুষ বিচারককে নিয়োগ দিলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের ক্লেইম কোর্টে (New York State Court of Claims) 11 জনকে নিয়োগ এবং চারজনকে পুনরায় নিয়োগ দিলেন আদালতে একটি বৈচিত্র্যময় এবং অভিজ্ঞ দৃষ্টিভঙ্গি আনার জন্য ব্যাপক একটি ব্যাপ্তির ব্যক্তিগত ও পেশাদারি পটভূমির যোগ্য ব্যক্তিদের নিয়ে নিয়োগের এই ঐতিহাসিক ক্লাসটি গঠিত হয়েছে, যার মধ্যে রয়েছে প্রথম প্রকাশ্যে ট্রান্সজেন্ডার নিয়োগপ্রাপ্ত ব্যক্তি।

"নিয়োগপ্রাপ্তদের ঐতিহাসিক ও দুর্দান্ত এই দলটি যে নিউ ইয়র্কবাসীকে ন্যায্যতা ও নিরপেক্ষতার সাথে সেবা দিবে তা সম্পর্কে আমার পূর্ণ আস্থা রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "বৈচিত্র্যময় দৃষ্টিভঙ্গি এবং বিস্তৃত অভিজ্ঞতা নিয়ে প্রত্যেক নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নিউ ইয়র্ক স্টেটের জুডিশিয়ারিতে সম্মান ও মর্যাদা নিয়ে আসবে বলে আমি আত্মবিশ্বাসী।"

<u>পুনরায় নিয়োগপ্রাপ্ত চারজন হলেন:</u>

<u>মোরিন হেটনার, কুইন্স কাউন্টি</u>

মোরিন হেটনার বর্তমানে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট (New York State Supreme Court) - কুইন্স কাউন্টির ভারপ্রাপ্ত বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর পূর্বে তিনি একজন প্রিন্সিপ্যাল ল ক্লার্ক/ কোর্ট ক্লার্ক হিসেবে কুইন্স কাউন্টির নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে কোজ করেছেন। হেটনার নিউ ইয়র্ক স্টেটের একজন নিবন্ধিত অ্যাটর্নি।

টিমোথি লুইস, ব্রঙ্কস কাউন্টি

টিমোথি লুইস বর্তমানে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট - ব্রঙ্কস কাউন্টির ভারপ্রাপ্ত বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। লুইস নিউ ইয়র্কের গ্রিনবার্গের একজন টাউন অ্যাটর্নি এবং 2004 সালে সাবেক ডেপুটি টাউন অ্যাটর্নি ছিলেন। লিউইস 1992 থেকে 2004 পর্যন্ত ব্যক্তিগত প্র্যাকটিস করেছেন। তিনি ব্রঙ্কস কাউন্টিতে সহকারী জেলা অ্যাটর্নি হিসেবেও কাজ করেছেন।

আনার প্যাটেল, ওয়েস্টচেস্টার কাউন্টি

আনার প্যাটেল বর্তমানে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট - ওয়েস্টচেস্টার কাউন্টির ভারপ্রাপ্ত বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর পূর্বে তিনি সিম্পসন, থ্যাচার এবং বার্টলেট LLP (Simpson, Thacher & Bartlett LLP) এর কাউন্সেল ছিলেন, তিনি 2020 থেকে এই পদটিতে ছিলেন। কাউন্সেল হিসেবে পদোন্নিত হওয়ার পূর্বে তিনি 2010 থেকে 2011 পর্যন্ত, এবং এরপর 2013 থেকে 2019 পর্যন্ত আবার, একজন লিটিগেসন অ্যাসোসিয়েট ছিলেন। তিনি 2011-2013 থেকে মাননীয় উইলিয়াম কুন্টজ II এর একজন আইন ক্লার্ক ছিলেন। তিনি কলম্বিয়া ল্য স্কুলে (Columbia Law School) আইনি অনুশীলন কর্মশালার জন্য অ্যাডজাঙ্কট প্রফেসরও ছিলেন। প্যাটেলের বাবা-মা ভারত ও উগান্ডার এবং তিনি একজন প্রথম প্রজন্মের আমেরিকান। তিনি বিবাহিত এবং তার তিন সন্তান রয়েছে।

মাইকেল সিরাগুসা, ইরি কাউন্টি

মাইকেল সিরাগুসা বর্তমানে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট - ইরি কাউন্টির ভারপ্রাপ্ত বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর পূর্বে, সিরাগুসা ইরি কাউন্টি অ্যাটর্নি ছিলেন, তিনি 2012 থেকে এই পদটিতে আছেন। এর পূর্বে, তিনি সহকারী অ্যাটর্নি জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং এরপর 31 ডিসেম্বর, 2011 পর্যটন বাফেলো আঞ্চলিক অফিসের (Buffalo Regional Office) ডেপুটি সহকারী অ্যাটর্নি জেনারেল ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেছেন।

<u>নিয়োগপ্রাপ্ত 11 জন হলেন:</u>

রেমন্ড ফার্নান্ডেজ, ব্রঙ্কস কাউন্টি

রেমন্ড ফার্নান্ডেজ 2019 সাল থেকে সিভিল ম্যাটার্সের প্রশাসনিক বিচারপতি মাননীয় ডোরিস গঞ্জালেসের প্রিন্সিপ্যাল ল ক্লার্ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি 2017 সাল থেকে নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টের (New York City Civil Court) একজন স্মল ক্লেইম আর্বিট্রেটর হিসেবে কাজ করেছেন। এর পূর্বে, তিনি নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতি নর্মা রুইজের প্রিন্সিপ্যাল ল ক্লার্ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ব্রঙ্কস কাউন্টি বার অ্যাসোসিয়েশন সিভিল কোর্টস কমিটির (Bronx County Bar Association Civil Courts Committee) একজন সদস্য। এছাড়াও ফার্নান্ডেজ টুয়েলভথ জুডিশিয়াল ডিস্ট্রিক্ট, সিভিল টার্মের (Twelfth Judicial District, Civil Term) ইক্যুয়াল জাস্টিস কমিটির (Equal Justice Committee) প্রধান এবং ব্রঙ্কস কাউন্টি বার অ্যাসোসিয়েশনের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

আলেথা ফিল্ডস, সাফোক কাউন্টি

আলেথা ফিল্ডস 1997 সাল থেকে সাফোক কাউন্টি ফ্যামিলি কোর্টের সাপোর্ট ম্যাজিস্ট্রেট হিসেবে কাজ করেছেন। 1988 থেকে 1997 পর্যন্ত, তিনি নিউ ইয়র্ক সিটির সিভিল কোর্টের একজন অ্যাসোসিয়েট কোর্ট অ্যাটর্নি হিসেবে দায়িত্ব পালন করেছেন। ফিল্ডস হলেন সাফোক

কাউন্টি হিস্প্যানিক বার অ্যাসোসিয়েশনের (Suffolk County Hispanic Bar Association) সহপ্রতিষ্ঠাতা এবং সাবেক ট্রেজারার।

ডেভিড ফ্রাইড, রকল্যান্ড কাউন্টি

ডেভিড ফ্রাইড বর্তমানে একজন সলো প্র্যাকটিশনিয়ার। তিনি 2019 সাল থেকে রামাপো টাউনের টাউন বিচারপতি হিসেবে এবং 2015 সাল থেকে স্প্রিং ভ্যালি গ্রামের গ্রাম বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও 2014 সাল থেকে ফ্রাইড ডেভিড ফ্রাইড ল অফিসের প্রেসিডেন্ট। পাশাপাশি, ফ্রাইড 2003 থেকে 2007 পর্যটন রকল্যান্ড কাউন্টির বিধায়ক হিসেবে কাজ করেছেন। বর্তমানে তিনি নাইনথ জুডিশিয়াল ডিস্ট্রিক্ট অ্যাক্সেস টু জাস্টিস (Ninth Judicial District Access to Justice), LGBTQ+ সাবকমিটির (LGBTQ+ Sub-Committee) সহপ্রধান।

মারিও জিয়াকোবে, ইরি কাউন্টি

মারিও জিয়াকোবে বর্তমানে ইরি কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের নির্বাহী সহকারী-সেকেন্ড ডেপুটি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি। এর পূর্বে তিনি 2006 থেকে 2021 পর্যন্ত জাওরস্কি এবং জিয়াকোবে ল অফিসের (Law Offices of Jaworski and Giacobbe) পার্টনার ছিলেন। জিয়াকোবে এছাড়াও টোনাওয়ান্ডা টাউনের টাউন অ্যাটর্নি হিসেবে দায়িত্ব পালন করেছেন। 1993 থেকে 2005 পর্যন্ত, তিনি ইরি কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসে বিভিন্ন পদে কাজ করেছেন। তিনি 2017 থেকে 2020 পর্যন্ত ইরি কাউন্টি বার অ্যাসোসিয়েশনের (Bar Association of Erie County) পরিচালনা পর্ষদে ছিলেন।

ব্রায়ান হাক, অ্যালবানি কাউন্টি

ব্রায়ান হাক বর্তমানে নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেজরিটি কনফারেন্সের কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করছেন। 2016 সাল থেকে তিনি অ্যাসেম্বলির একাধিক ভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন, যেমন ডেপুটি কাউন্সেল, পার্লামেন্টারিয়ান, অ্যাসোসিয়েট কাউন্সেল এবং হোম রুল কাউন্সেল। এর পূর্বে তিনি ডানিউব টাউনের অ্যাটর্নি এবং রুট টাউনের অ্যাটর্নি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও হাক কলোনি টাউনের একজন অ্যাটর্নি এবং সেইন্ট জনসভিল টাউন এবং মন্টগোমারি কাউন্টির টাউন সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি সেইন্ট জনসভিল টাউনের টাউন বিচারপতি এবং সেইন্ট জনসভিল গ্রামের গ্রাম বিচারপতির পদে ছিলেন।

সেথ মার্নিন, নিউ ইয়র্ক কাউন্টি

সেথ মার্নিন কলাম্বিয়া ইউনিভার্সিটির ট্রেইনিং অ্যান্ড এডুকেশন, ইক্যুয়াল অপরচুনিটি অ্যান্ড অ্যাফর্মেটিভ অ্যাকশনের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি আমেরিকান ইতিহাসের প্রথম প্রকাশ্যে ট্রান্সজেন্ডার পুরুষ হিসেবে বিচারপতির দায়িত্ব পালন করবেন। তার বর্তমান ভূমিকার পূর্বে, মার্নিন ওয়ার্কপ্লেস স্ট্র্যাটেজিসের (Workplace Strategies) প্রতিষ্ঠাতা ও প্রিন্সিপ্যাল ছিলেন, যেখানে তিনি অনেক ধরনের আইনি সমস্যা, যেমন কার্যকরী সম্পর্কিত বিষয়

এবং নীতি নির্ধারণে অলাভজনক সংগঠনকে পরামর্শ ও নির্দেশনা দিতেন। এছাড়া তিনি সহকারী জাতীয় আইন পরিচালক এবং সিভিল রাইটস আঞ্চলিক কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করার পর অ্যান্টি-ডিফেমেশন লীগের (Anti-Defamation League) সিভিল রাইটস ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে, তিনি সেন্টার ফর HIV ল অ্যান্ড পলিসির (Center for HIV Law and Policy) ডেপুটি পরিচালক হিসেবে কাজ করেছেন। তিনি নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশনের একজন সদস্য।

নিকোল ম্যাকগ্রেগর মান্ডি, কুইন্স কাউন্টি

নিকোল ম্যাকগ্রেগর মান্ডি বর্তমানে কুইন্স সুপ্রিম কোর্ট-সিভিল টার্মের প্রশাসনিক বিচারপতি প্রিন্সিপ্যাল ল ক্লার্ক, তিনি 2020 সাল থেকে এই পদে আছেন। এর পূর্বে তিনি 2003 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের বিচারপতি মাননীয় মার্গারেট গ্রেজের প্রিন্সিপ্যাল ল ক্লার্ক ছিলেন। এর পূর্বে, তিনি নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টের মার্গারেট গ্রেজের কোর্ট অ্যাটর্নি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি ম্যানহাটন ফ্যামিলি কোর্টের চিলড্রেনস সার্ভিসেস প্রশাসনে একজন এজেন্সি অ্যাটর্নি॥ হিসেবে দায়িত্ব পালন করেছেন। 2010 থেকে 2011 পর্যন্ত তিনি কুইন্স কাউন্টি উইমেন্স বার অ্যাসোসিয়েশনের (Queens County Women's Bar Association) প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন।

স্কট ওডোরিসি, মনরো কাউন্টি

স্কট ওডোরিসি 2012 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের একজন বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি এর পূর্বে সিভিল পার্ট, ক্রিমিনাল পার্ট, 7 জুডিশিয়াল ডিস্ট্রিক্ট ফোরক্লোজার পার্টের সমন্বয়কারী বিচারপতি হিশেবে দায়িত্ব পালন করেছেন এবং বর্তমানে 7 জুডিশিয়াল ডিস্ট্রিক্টের সিভিল অ্যাসাইনমেন্টের সমন্বয়কারী বিচারপতি। তিনি রচেস্টার টিন কোর্টের সুপারভাইজিং বিচারপতি এবং মনরো ও স্টুবেন কাউন্টি কমিশনার জুরি বোর্ডের সভাপতি। ওডোরিসি এর পূর্বে রচেস্টার সিটি কোর্টের ভারপ্রাপ্ত বিচারপতি এবং ইস্ট রচেস্টার টাউন বিচারপতি হিসেবে কাজ করেছেন, যেখানে তিনি সে সময়কার নিউ ইয়র্ক স্টেটের সর্বকনিষ্ঠ নির্বাচিত বিচারপতি ছিলেন। তিনি দীর্ঘদিন ধরে মনরো কাউন্টি বার অ্যাসোসিয়েশনের (Monroe County Bar Association) সদস্য।

কিম পার্কার, নিউ ইয়র্ক কাউন্টি

কিম পার্কার 2017 সাল থেকে প্রশাসনিক ট্রায়াল ও শুনানি অফিসে একজন প্রশাসনিক আইন বিচারপতি এবং শুনানি কর্মকর্তা হিসেবে কাজ করছেন। এছাড়া তিনি 2002 থেকে একজন সোল প্র্যাকটিশনার এবং 2003 থেকে কিপ লেনোর, এস্কয়ারের একজন অফ কাউন্সেল হিসেবে কাজ করেছেন। 2015 থেকে 2017 প্রজন টি তিনি মেট্রোপলিটন বার অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক হিসেবে কাজ করেছেন। এছাড়াও তিনি নিউ ইয়র্ক স্টেটের সাবেক সিনেটর এরিক অ্যাডামসের বিশেষ কাউন্সেল হিসেবে কাজ করেছেন। পাশাপাশি তিনি রাষ্ট্রপতি ওবামার ক্লেমেন্সি প্রকল্পে কাজ করেছেন, ফেডারেল আসামীদের বিনা মূল্যে আইনি সেবা প্রদান করেছেন।

রুথ শিলিংফোর্ড, নিউ ইয়র্ক কাউন্টি

রুথ শিলিংফোর্ড 2022 সাল থেকে নিউ ইয়র্ক সিটি আইন বিভাগের ক্রিমিনাল জাস্টিসের জন্য প্রধান সহকারী কর্পোরেশন কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে তিনি 2009 এবং 2021 সাল পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের ভারপ্রাপ্ত বিচারপতি ছিলেন। এর পূর্বে তিনি 2006 থেকে 2009 পর্যন্ত ক্রিমিনাল কোর্ট বিচারপতি এবং 2003 থেকে 2005 পর্যন্ত একজন অন্তর্বর্তীকালীন সিভিল বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। 1994 থেকে 2003 পর্যন্ত তিনি একজন সহকারী ডেপুটি প্রধান কোর্ট অ্যাটর্নি এবং একজন প্রিন্সিপ্যাল কোর্ট অ্যাটর্নি হিসেবে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে কাজ করেছেন। এছাড়াও তিনি সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এবং 1988 থেকে 1991 পর্যন্ত নিউ ইয়র্ক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের স্পেশাল নার্কোটিকস এবং অ্যাসেট ফরফিচারে ইউনিট প্রধান ছিলেন।

এলেন টবিন, নাসাউ কাউন্টি

এলেন টবিন 2015 থেকে 2018 পর্যন্ত একটি ফার্মে লিটিগেশন অ্যাসোসিয়েট হিসেবে কাজ করার পর 2019 থেকে ওয়েস্টারম্যান বল এডেরার মিলার জাকার এবং শার্ফস্টাইন, LLP এর একজন লিটিগেশন পার্টনার। এর পূর্বে তিনি কার্টিস, ম্যাটেল-পারভোস্ট, কোট এবং মোসল LLP এর একজন লিটিগেশন পার্টনার হিসেবে কাজ করেছেন। এছাড়াও তিনি নিউ ইয়র্ক ইস্টার্ন ডিস্ট্রিক্টের মার্কিন যুক্তরাষ্ট্র ম্যাজিস্ট্রেট বিচারপতি মাননীয় এ. ক্যাথলিন টমলিনসনের জন্য একজন জুডিশিয়াল ল ক্লার্ক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি 2022 থেকে নাসাউ কাউন্টি বার অ্যাসোসিয়েশনের পরিচালক এবং 2022 থেকে নিউ ইয়র্ক ইস্টার্ন ডিস্ট্রিক্টের ফেডারেল বার অ্যাসোসিয়েশনের সেক্রেটারি হিসেবে কাজ করেছেন।

নিউ ইয়র্ক স্টেট কোর্ট অফ ক্লেইমস (New York State Court of Claims) হল নিউ ইয়র্ক স্টেট বা নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি (New York State Thruway Authority), সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York), অলিম্পিক রিজিওনাল ডেভেলপমেন্ট অথরিটি (Olympic Regional Development Authority), রোজওয়েল পার্ক ক্যান্সার ইনস্টিটিউট কর্পোরেশন (Roswell Park Cancer Institute Corporation) এবং নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটির (New York State Power Authority) মতো রাজ্য-সম্পর্কিত কিছু সংস্থার বিরুদ্ধে ক্ষতিপূরণের জন্য দেওয়ানি মামলার একচেটিয়া ফোরাম (কেবল প্রকৃত সম্পত্তির আদায়ের দাবি)।

কোনো শহর, কাউন্টি বা শহরের সরকার বা কোনো একক বিবাদীর ওপর ক্লেইমস আদালতের কোনো এখতিয়ার নেই।

###